



২৫ জুলাই ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জের রূপগঞ্জে তুলা কারখানায় শিশু শ্রমিক সাগরকে শারীরিক নির্যাতন সহ হত্যার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে ও দোষী ব্যক্তিদের যথাযথ বিচার ও শাস্তি দাবী করছে

নারায়ণগঞ্জের রূপগঞ্জে একটি তুলা কারখানায় এক শিশু শ্রমিক সাগর বর্মণ (১০) শারীরিক নির্যাতন ও হত্যার ঘটনায় বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) গভীর উদ্বেগ প্রকাশ করছে। দৈনিক পত্রিকা, প্রচার মাধ্যমে ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত সংবাদ হতে জানা যায়, নেত্রকোনার খালিয়াজুড়ি উপজেলার রাজিবপুর গ্রাম নিবাসী রতন বর্মণের ছেলে সাগর বর্মণ (১০) নারায়ণগঞ্জের রূপগঞ্জ উপজেলার যাত্রামোড়া এলাকায় জোবেদা টেক্সটাইল অ্যান্ড স্পিনিং ফ্যাক্টরিতে কারখানায় শ্রমিকের কাজ করত।

গত ২৪ জুলাই ২০১৬ তারিখ দুপুর ২টার দিকে কারখানার অন্য শ্রমিকরা মিলের একটি পাম্প থেকে সাগরের মলদ্বার দিয়ে বাতাস দিলে সে অসুস্থ হয়ে পড়ে। সাগরের বাবা রতন বর্মণ জানান, এক নারীর কাছে খবর পেয়ে জোবেদা টেক্সটাইল মিলের সামনে এসে তিনি সাগরকে অচেতন হয়ে পড়ে থাকতে দেখেন। তিনি এ সময় তাকে কাঁচপুরের শুভেচ্ছা ক্লিনিক ও পরে ঢাকা মেডিকলে নিয়ে আসেন। গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পৌঁছানোর পর গতকাল বিকাল ৪টার দিকে সেখানে তার মৃত্যু হয় বলে জানা যায়। উল্লেখ্য যে, গত বছরের ৪ আগস্ট খুলনা নগরীর টুটপাড়া এলাকায় একটি মোটর গ্যারেজে একই উপায়ে মলদ্বারে পাইপের মাধ্যমে হাওয়া ঢুকিয়ে মো. রাকিব হাওলাদারকে হত্যা করা হয়।

কোন শিশুকে এই ধরনের নির্যাতন ও হত্যা করার ঘটনা কোন নাগরিকের বাংলাদেশের সংবিধানে বর্ণিত ২৭, ৩১, ৩২ ও ৩৫ (৫) অনুচ্ছেদে বর্ণিত সাংবিধানিক অধিকারের সম্পৃষ্ট লঙ্ঘন। বিশেষভাবে বাংলাদেশের সংবিধানে ৩৫(৫) অনুচ্ছেদ অনুযায়ী, কোনো ব্যক্তিকে নিষ্ঠুর, অমানুষিক বা লাঞ্ছনাকর দণ্ড দেয়া যাবে না। শিশু আইন ২০১৩ এর ৭০ ধারা অনুযায়ী, শিশুদের প্রতি শারীরিক ও মানসিক নিষ্ঠুর আচরন শাস্তিযোগ্য অপরাধ। দণ্ডবিধি বা পেনাল কোড ১৮৬০; নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০(সংশোধনী ২০০৩) অনুযায়ী তা দণ্ডনীয় ও শাস্তিযোগ্য অপরাধ।

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছে ও সুষ্ঠু তদন্তসহ অভিযুক্ত ও দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে দ্রুত বিচার ও যথাযথ শাস্তি প্রদানের জোর দাবী জানাচ্ছে। ভবিষ্যতে এ ধরনের ঘটনা যেন আর না ঘটে সে ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কর্মক্ষেত্রে নিরাপত্তা নিশ্চিত করা, মনিটরিং করা ও জনমত গঠনসহ যথাযথ ব্যবস্থা গ্রহণের জোর দাবী জানাচ্ছে।

এ বিষয়ে ব্লাস্ট এর ট্রাস্টি বোর্ডের সদস্য এডভোকেট জেড আই খান পান্না বলেন, “আমরা এ নির্মম হত্যাকাণ্ডের সঠিক ময়না তদন্ত সহ যথাযথ তদন্ত করে দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করছি। পাশাপাশি বেআইনী শিশু শ্রম বন্ধের উদ্যোগ গ্রহণের আহবান জানাচ্ছি।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ-পরিচালক (এডভোকেসি এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ই-মেইল: mahbuba@blast.org.bd